রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, জুলাই ৩, ২০১৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৫ আষাঢ় ১৪২১ বঙ্গাব্দ/২৯ জুন ২০১৪ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ১৬৬-আইন/২০১৪।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০ (২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ—

১। **শিরোনাম।**—এই **বিধিমালা ঝিনাইদহ সরকারি ভেটেরিনারি কলেজ কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা,** ২০১৪ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) **"কমিশন"** অর্থ বাংলাদেশ সরকারি কর্মকমিশন;

(২) **"ডিভিএম"** অর্থ Doctor of Veterinary Medicine;

(৩) **"তফসিল"** অর্থ এই বিধিমালার তফসিল;

(৪) **"নিয়োগকারী কর্তৃপক্ষ"** অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্মকর্তা;

(৫) **"পদ"** অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(৬) **"প্রয়োজনীয় যোগ্যতা"** অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত প্রয়োজনীয় যোগ্যতা;



মূল্য ঃ টাকা ২০.০০

(৭) **"শিক্ষানবিস"** অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;

(৮) **"সিজিপিএ"** অর্থ Cumulative Grade Point Average (CGPA);

(৯) **"স্বীকৃত বিশ্ববিদ্যালয়", "স্বীকৃত বোর্ড", "স্বীকৃত ইনস্টিটিউট" বা "স্বীকৃত প্রতিষ্ঠান"** অর্থ আপাতত বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়, বোর্ড, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয়, বোর্ড, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী এবং তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে, কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ প্রদান করা হইবে, যথা ঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে;

(গ) বদলীর মাধ্যমে; এবং

(ঘ) প্রেষণের মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা যাইবে না, যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়:

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এডহক ভিত্তিতে ইতোপূর্বে নিয়োগ করা হইলে উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার সর্বোচ্চ বয়সসীমা শিথিল করা যাইবে।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাবহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না, যদি ―

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে ; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব-কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে এবং, তদন্তের ক্ষেত্রে, তদন্তের ফলাফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি―

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরমে (যদি থাকে) ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকেন এবং স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**।―(১) পদোন্নতির জন্য এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত পদোন্নতি বা বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবেঃ

তবে শর্ত থাকে যে, তৃতীয় শ্রেণি হইতে দ্বিতীয় শ্রেণি এবং দ্বিতীয় শ্রেণি হইতে প্রথম শ্রেণির পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবে না।

৬। **বদলির মাধ্যমে নিয়োগ**।―কোন পদে উহার সমপদমর্যাদাসম্পন্ন অন্যান্য পদাধিকারীগণের মধ্য হইতে, তফসিলের বিধানাবলী সাপেক্ষে, বদলির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

৭। **প্রেষণের মাধ্যমে নিয়োগ**।―কোন পদে, তফসিলের বিধানাবলী সাপেক্ষে, সরকার কর্তৃক প্রেষণের মাধ্যমে নিয়োগ করা যাইবে।

৮। **শিক্ষানবিস**।―(১) কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসির স্তরে―

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য নিয়োগ করা হইবে ঃ

তবে শর্ত শাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবে যাহাতে উক্ত বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করে যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ, উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরিতে স্থায়ী করিবে; এবং

(খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাহার চাকুরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না, যতক্ষণ না সরকারি আদেশবলে, সময় সময়, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

**তফসিল**

**[বিধি ২(৩)]**

**অংশ-ক**

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | প্রিন্সিপাল | ৫০ বৎসর | বদলির মাধ্যমে, তবে বদলিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরসরি বা প্রেষণের মাধ্যমে। | **বদলির ক্ষেত্রে :**<br>ভাইস প্রিন্সিপাল বা প্রফেসর পদ হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ডিভিএম ডিগ্রিসহ স্নাতকোত্তর ডিগ্রি :<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের সকল স্তরের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি অথবা দ্বিতীয় বিভাগ বা শ্রেণির সমমানের সিজিপিএ প্রাপ্ত হইতে হইবে;<br>(খ) কোন সরকারি, আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ডিভিএম ডিগ্রির শর্তাধীনে নিয়োগপ্রাপ্ত এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ২০ (বিশ) বৎসরের চাকুরির অভিজ্ঞতা :<br>তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীর ক্ষেত্রে উক্তরূপ চাকুরির অভিজ্ঞতা ১৮ (আঠার) বৎসর;<br>(গ) স্বীকৃত জার্নালে পিয়ার রিভিউড (Peer Reviewed) ১৫ (পনের) টি গবেষণা প্রকাশনা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (২) | ভাইস প্রিন্সিপাল | ৪৭ বৎসর | বদলির মাধ্যমে, তবে বদলিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরসরি বা প্রেষণের মাধ্যমে। | **বদলির ক্ষেত্রে :**<br>প্রফেসর পদ হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ডিভিএম ডিগ্রিসহ স্নাতকোত্তর ডিগ্রি :<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের সকল স্তরের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি অথবা দ্বিতীয় বিভাগ বা শ্রেণির সমমানের সিজিপিএ প্রাপ্ত হইতে হইবে;<br>(খ) কোন সরকারি, আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ডিভিএম ডিগ্রির শর্তাধীনে নিয়োগপ্রাপ্ত এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ১৭ (সতের) বৎসরের চাকুরির অভিজ্ঞতা :<br>তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীর ক্ষেত্রে উক্তরূপ চাকুরির অভিজ্ঞতা ১৫ (পনের) বৎসর;<br>(গ) স্বীকৃত জার্নালে পিয়ার রিভিউড (Peer Reviewed) ১০ (দশ) টি গবেষণা প্রকাশনা। |
| (৩) | প্রফেসর | ৪৭ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি বা প্রেষণের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>(ক) এসোসিয়েট প্রফেসর পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরিসহ প্রথম শ্রেণির পদে অন্যূন ১৫ (পনের) বৎসরের চাকুরির অভিজ্ঞতা; এবং<br>(খ) স্বীকৃত জার্নালে পিয়ার রিভিউড (Peer Reviewed) ১০ (দশ) টি গবেষণা প্রকাশনা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ডিভিএম ডিগ্রিসহ স্নাতকোত্তর ডিগ্রি :<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের সকল স্তরের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি অথবা দ্বিতীয় বিভাগ বা শ্রেণির সমমানের সিজিপিএ প্রাপ্ত হইতে হইবে; |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | (খ) কোন সরকারি, আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ডিভিএম ডিগ্রির শর্তাধীনে নিয়োগপ্রাপ্ত এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ১৭ (সতের) বৎসরের চাকুরির অভিজ্ঞতা:<br>তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীর ক্ষেত্রে উক্তরূপ চাকুরির অভিজ্ঞতা ১৫ (পনের) বৎসর;<br>(গ) কোন স্বীকৃত জার্নালে পিয়ার রিভিউড (Peer Reviewed) ১০ (দশ) টি গবেষণা প্রকাশনা। |
| (৪) | এসোসিয়েট প্রফেসর | ৪৪ বৎসর | (ক) মোট পদের শতকরা ৫০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে ঃ<br>তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওনা না গেলে উক্ত পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণ করা যাইবে; এবং<br>(খ) মোট পদের শতকরা ৫০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে ঃ<br>তবে শর্ত থাকে যে, পদোন্নতি বা সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট পদ প্রেষণের মাধ্যমে পূরণ করা যাইবে। | <u>পদোন্নতির ক্ষেত্রেঃ</u><br>(ক) এসোসিয়েট প্রফেসর পদে ৭ (সাত) বৎসরের চাকুরিসহ প্রথম শ্রেণির পদে ১২ (বার) বৎসরের চাকুরির অভিজ্ঞতা;<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রি; এবং<br>(গ) কোন স্বীকৃত জার্নালে পিয়ার রিভিউড (Peer Reviewed) ৬ (ছয়) টি গবেষণা প্রকাশনা।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ</u><br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ডিভিএম ডিগ্রিসহ স্নাতকোত্তর ডিগ্রী:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের সকল স্তরের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি অথবা দ্বিতীয় বিভাগ বা শ্রেণির সমমানের সিজিপিএ প্রাপ্ত হইতে হইবে;<br>(খ) কোন সরকারি, আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ডিভিএম ডিগ্রির শর্তাধীনে নিয়োগপ্রাপ্ত এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ১২ (বার) বৎসরের চাকুরির অভিজ্ঞতা:<br>তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীর ক্ষেত্রে উক্তরূপ চাকুরির অভিজ্ঞতা ৮ (আট) বৎসর;<br>(গ) কোন স্বীকৃত জার্নালে পিয়ার রিভিউড (Peer Reviewed) ৬ (ছয়) টি গবেষণা প্রকাশনা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৫) | এসিস্ট্যান্ট প্রফেসর | ৪০ বৎসর | (ক) মোট পদের শতকরা ৮০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে:<br>তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওনা না গেলে উক্ত পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণ করা যাইবে; এবং<br>(খ) মোট পদের শতকরা ২০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে:<br>তবে শর্ত থাকে যে, পদোন্নতি বা সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট পদ প্রেষণের মাধ্যমে পূরণ করা যাইবে। | **<u>পদোন্নতির ক্ষেত্রেঃ</u>**<br>(ক) লেকচারার ভেটেরিনারি সার্জন বা সাইন্টিফিক অফিসার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরি;<br>(খ) ডিভিএম ডিগ্রী; এবং<br>(গ) কোন স্বীকৃত জার্নালে পিয়ার রিভিউড (Peer Reviewed) ২ (দুই) টি গবেষণা প্রকাশনা।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ</u>**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ডিভিএম ডিগ্রিসহ স্নাতকোত্তর ডিগ্রী:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের সকল স্তরের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি অথবা দ্বিতীয় বিভাগ বা শ্রেণির সমমানের সিজিপিএ প্রাপ্ত হইতে হইবে;<br>(খ) কোন সরকারি, আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ডিভিএম ডিগ্রির শর্তাধীনে নিয়োগপ্রাপ্ত এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ৮ (আট) বৎসরের চাকুরির অভিজ্ঞতা:<br>তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীর ক্ষেত্রে উক্তরূপ চাকুরির অভিজ্ঞতা ৫ (পাঁচ) বৎসর;<br>(গ) কোন স্বীকৃত জার্নালে পিয়ার রিভিউড (Peer Reviewed) ২ (দুই) টি গবেষণা প্রকাশনা। |
| (৬) | ভেটেরিনারি সার্জন | ৪০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ৫ (পাঁচ) বৎসর মেয়াদী প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ডিভিএম ডিগ্রিসহ সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের অন্যান্য সকল স্তরের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি অথবা দ্বিতীয় বিভাগ বা শ্রেণির সমমানের সিজিপিএ প্রাপ্ত হইতে হইবে; এবং<br>(গ) বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল হইতে রেজিস্টার্ড ভেটেরিনারিয়ান সনদ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৭) | লেকচারার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে:<br>তবে শর্ত থাকে যে, কৃষি সম্প্রসারণ, ইংরেজী, পরিসংখ্যান ও প্রাণিবিদ্যা বিষয়ের পদসমূহ প্রেষণের মাধ্যমে পূরণ করা যাইবে। | **শরীরস্থান বিদ্যা (Anatomy) বিষয়ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ৫ (পাঁচ) সৎসর মেয়াদী প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ডিভিএম ডিগ্রিসহ শরীরস্থান বিদ্যা বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রী:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের অন্যান্য সকল স্তরের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি অথবা দ্বিতীয় বিভাগ বা শ্রেণির সমমানের সিজিপিএ প্রাপ্ত হইতে হইবে;<br>এবং<br>(খ) বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল হইতে রেজিস্টার্ড ভেটেরিনারিয়ান সনদ।<br>**কোষবিদ্যা (Histology) বিষয় :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ৫ (পাঁচ) বৎসর মেয়াদী প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ডিভিএম ডিগ্রিসহ কোষবিদ্যা বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রী :<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের অন্যান্য সকল স্তরের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি অথবা দ্বিতীয় বিভাগ বা শ্রেণির সমমানের সিজিপিএ প্রাপ্ত হইতে হইবে; এবং<br>(খ) বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল হইতে রেজিস্টার্ড ভেটেরিনারিয়ান সনদ।<br>**প্রাণিপুষ্টিবিদ্যা (Animal Nutrition) বিষয় :**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ৫ (পাঁচ) বৎসর মেয়াদী প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ডিভিএম ডিগ্রিসহ প্রাণিপুষ্টিবিদ্যা বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের অন্যান্য সকল স্তরের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি অথবা দ্বিতীয় বিভাগ বা শ্রেণির সমমানের সিজিপিএ প্রাপ্ত হইতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | **সাধারণ প্রাণিপালন বিজ্ঞান (General Animal Science) বিষয় :**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ৫ (পাঁচ) বৎসর মেয়াদী প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ডিভিএম ডিগ্রীসহ সাধারণ প্রাণিপালন বিজ্ঞান বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রী :<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের অন্যান্য সকল স্তরের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি অথবা দ্বিতীয় বিভাগ বা শ্রেণির সমমানের সিজিপিএ প্রাপ্ত হইতে হইবে।<br>**শরীরবিদ্যা (Physiology) বিষয় :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ৫ (পাঁচ) বৎসর মেয়াদী প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ডিভিএম ডিগ্রীসহ শরীরবিদ্যা বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রী :<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের অন্যান্য সকল স্তরের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি অথবা দ্বিতীয় বিভাগ বা শ্রেণির সমমানের সিজিপিএ প্রাপ্ত হইতে হইবে; এবং<br>(খ) বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল হইতে রেজিস্টার্ড ভেটেরিনারিয়ান সনদ। |
| | | | | **প্রাণ রসায়ন (Biochemistry) বিষয় :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ৫ (পাঁচ) বৎসর মেয়াদী প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ডিভিএম ডিগ্রীসহ প্রাণ রসায়ন বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রী এবং বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল হইতে রেজিস্টার্ড ভেটেরিনারিয়ান সনদ; অথবা |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | (খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রাণ রসায়ন বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে সম্মানসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি :<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের অন্যান্য সকল স্তরের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি অথবা দ্বিতীয় বিভাগ বা শ্রেণির সমমানের সিজিপিএ প্রাপ্ত হইতে হইবে।<br>**ফার্মাকোলজি (Pharmacology) বিষয় :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ৫ (পাঁচ) বৎসর মেয়াদী প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ডিভিএম ডিগ্রীসহ ফার্মাকোলজি বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রী :<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের অন্যান্য সকল স্তরের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি অথবা দ্বিতীয় বিভাগ বা শ্রেণির সমমানের সিজিপিএ প্রাপ্ত হইতে হইবে;এবং<br>(খ) বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল হইতে রেজিস্টার্ড ভেটেরিনারিয়ান সনদ।<br>**অনুজীববিদ্যা (Microbiology) বিষয় :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ৫ (পাঁচ) বৎসর মেয়াদী প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ডিভিএম ডিগ্রীসহ অনুজীববিদ্যা বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রী :<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের অন্যান্য সকল স্তরের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি অথবা দ্বিতীয় বিভাগ বা শ্রেণির সমমানের সিজিপিএ প্রাপ্ত হইতে হইবে;এবং<br>(খ) বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল হইতে রেজিস্টার্ড ভেটেরিনারিয়ান সনদ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | **<u>মেডিসিন (Medicine) বিষয় ঃ</u>**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ৫ (পাঁচ) বৎসর মেয়াদী প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ডিভিএম ডিগ্রীসহ মেডিসিন বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি ঃ<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের অন্যান্য সকল স্তরের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি অথবা দ্বিতীয় বিভাগ বা শ্রেণির সমমানের সিজিপিএ প্রাপ্ত হইতে হইবে; এবং<br>(খ) বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল হইতে রেজিস্টার্ড ভেটেরিনারিয়ান সনদ।<br>**সার্জারী (Surgery) বিষয় ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ৫ (পাঁচ) বৎসর মেয়াদী প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ডিভিএম ডিগ্রীসহ সার্জারী বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি ঃ<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের অন্যান্য সকল স্তরের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি অথবা দ্বিতীয় বিভাগ বা শ্রেণির সমমানের সিজিপিএ প্রাপ্ত হইতে হইবে; এবং<br>(খ) বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল হইতে রেজিস্টার্ড ভেটেরিনারিয়ান সনদ।<br>**প্যাথলজি (Pathology) বিষয় ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ৫ (পাঁচ) বৎসর মেয়াদী প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ডিভিএম ডিগ্রীসহ প্যাথলজি বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি ঃ<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের অন্যান্য সকল স্তরের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি অথবা দ্বিতীয় বিভাগ বা শ্রেণির সমমানের সিজিপিএ প্রাপ্ত হইতে হইবে; এবং<br>খ) বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল হইতে রেজিস্টার্ড ভেটেরিনারিয়ান সনদ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | **পরজীববিদ্যা (Parasitology) বিষয় ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ৫ (পাঁচ) বৎসর মেয়াদী প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ডিভিএম ডিগ্রীসহ পরজীববিদ্যা বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি ঃ<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের অন্যান্য সকল স্তরের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি অথবা দ্বিতীয় বিভাগ বা শ্রেণির সমমানের সিজিপিএ প্রাপ্ত হইতে হইবে; এবং<br>(খ) বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল হইতে রেজিস্টার্ড ভেটেরিনারিয়ান সনদ।<br>**প্রাণিপ্রজনন বিদ্যা (Animal Breeding) বিষয় ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ৫ (পাঁচ) বৎসর মেয়াদী প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ডিভিএম ডিগ্রীসহ প্রাণিপ্রজনন বিদ্যা বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ -তে স্নাতকোত্তর ডিগ্রি ঃ<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের অন্যান্য সকল স্তরের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি অথবা দ্বিতীয় বিভাগ বা শ্রেণির সমমানের সিজিপিএ প্রাপ্ত হইতে হইবে; এবং<br>(খ) বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল হইতে রেজিস্টার্ড ভেটেরিনারিয়ান সনদ।<br>**প্রাণিকৌলি (Genetics) বিষয় ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ৫ (পাঁচ) বৎসর মেয়াদী প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ডিভিএম ডিগ্রীসহ প্রাণিকৌলি বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি ঃ<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের অন্যান্য সকল স্তরের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি অথবা দ্বিতীয় বিভাগ বা শ্রেণির সমমানের সিজিপিএ প্রাপ্ত হইতে হইবে; এবং<br>খ) বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল হইতে রেজিস্টার্ড ভেটেরিনারিয়ান সনদ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | **<u>ডেইরি সাইন্স (Dairy Science) বিষয় ঃ</u>**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ৫ (পাঁচ) বৎসর মেয়াদী প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ডিভিএম ডিগ্রীসহ ডেইরি সাইন্স বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি ঃ<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের অন্যান্য সকল স্তরের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি অথবা দ্বিতীয় বিভাগ বা শ্রেণির সমমানের সিজিপিএ প্রাপ্ত হইতে হইবে; এবং<br>(খ) বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল হইতে রেজিস্টার্ড ভেটেরিনারিয়ান সনদ।<br>**পোল্ট্রি সাইন্স (Poultry Science) বিষয় ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ৫ (পাঁচ) বৎসর মেয়াদী প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ডিভিএম ডিগ্রীসহ পোল্ট্রি সাইন্স বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি ঃ<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের অন্যান্য সকল স্তরের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি অথবা দ্বিতীয় বিভাগ বা শ্রেণির সমমানের সিজিপিএ প্রাপ্ত হইতে হইবে; এবং<br>বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল হইতে রেজিস্টার্ড ভেটেরিনারিয়ান সনদ।<br>**<u>কৃষি সম্প্রসারণ (Agriculture </u>Extension) বিষয়ঃ** কোন স্বীকৃতি বিশ্ববিদ্যালয় হইতে কৃষি বিজ্ঞানে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে বি এসসি-এজি(সম্মান)সহ কৃষি সম্প্রসারণ বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রিঃ<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের অন্যান্য সকল স্তরের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি অথবা দ্বিতীয় বিভাগ বা শ্রেণির সমমানের সিজিপিএ প্রাপ্ত হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | **ইংরেজি (English) বিষয়:**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইংরেজি বিষয়ে সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রিঃ<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের সকল স্তরের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি অথবা দ্বিতীয় বিভাগ বা শ্রেণির সমমানের সিজিপিএ প্রাপ্ত হইতে হইবে।<br>**পরিসংখ্যান বিদ্যা (Statisties) বিষয়:**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান বিষয়ে সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রিঃ<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের সকল স্তরের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি অথবা দ্বিতীয় বিভাগ বা শ্রেণির সমমানের সিজিপিএ প্রাপ্ত হইতে হইবে।<br>**প্রাণিবিদ্যা (Zoology) বিষয়:**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রাণিবিদ্যা বিষয়ে সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রিঃ<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের সকল স্তরের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি অথবা দ্বিতীয় বিভাগ বা শ্রেণির সমমানের সিজিপিএ প্রাপ্ত হইতে হইবে। |
| (৮) | সহকারী প্রোগ্রামার | The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৯) | মেডিক্যাল অফিসার | ৩২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এমবিবিএস ডিগ্রীসহ বাংলাদেশ মেডিক্যাল এন্ড ডেন্টাল কাউন্সিল হইতে রেজিস্ট্রেশন সনদ। |
| (১০) | সায়েন্টিফিক অফিসার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ৫ (পাঁচ) বৎসর মেয়াদী ডিভিএম ডিগ্রীসহ মেডিসিন বা মাইক্রোবায়োলজি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিঃ<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের সকল স্তরের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি অথবা দ্বিতীয় বিভাগ বা শ্রেণির সমমানের সিজিপিএ প্রাপ্ত হইতে হইবে; এবং<br>(খ) বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল হইতে  রেজিস্টার্ড ভেটেরিনারিয়ান সনদ। |
| (১১) | লাইব্রেরিয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে গ্রন্থাগার বিজ্ঞান বিষয়ে,-<br>(অ) অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রিসহ গ্রন্থাগার ব্যবস্থাপনা কাজে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা; অথবা<br>(আ) অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ডিপ্লোমাসহ গ্রন্থাগার ব্যবস্থাপনা কাজে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং<br>(খ) এমএস ওয়ার্ড ও পাওয়ার পয়েন্টসহ কম্পিউটার চালনায় পারদর্শিতা। |

**অংশ-খ**

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্ব্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | ফিজিক্যাল ইনস্ট্রাকটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃতি ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ফিজিক্যাল সাইন্সে ডিপ্লোমা; এবং<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| (২) | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | নিম্নমান সহকারী-তথ্য-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাস রাইডার, দপ্তরী ও এম,এল,এস,এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্তি অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুযায়ীঃ তবে, প্রযোজ্য ক্ষেত্রে, সাঁটলিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁটমুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০ অনুসৃত হইবে। | | |
| (৩) | একাউনটেন্ট | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতি ক্ষেত্রেঃ**<br>ক্যাশিয়ার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে হিসাব বিজ্ঞান বিষয়ে স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) এমএস ওয়ার্ড ও এক্সেলসহ কম্পিউটার চালনায় পারদর্শিতা। |
| (৪) | ক্যাশিয়ার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>খ) এমএস ওয়ার্ড ও এক্সেলসহ কম্পিউটার চালনায় পারদর্শিতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৫) | স্টোর কিপার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) এমএস ওয়ার্ড ও এক্সেলসহ কম্পিউটার চালনায় পারদর্শিতা। |
| (৬) | কম্পাউন্ডার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোন স্বীকৃত Veterinary Training Institute বা Livestock Training Institute হইতে ১ (এক) বৎসর মেয়াদী প্রশিক্ষণ। |
| (৭) | ল্যাবরেটরি টেকনিশিয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিষয়ে স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট কাজে বাস্তব কর্ম অভিগজ্ঞতা; এবং<br>(খ) এমএস ওয়ার্ড ও পাওয়ার পয়েন্টসহ কম্পিউটার চালনার পারদর্শিতা। |
| (৮) | ডাটা এন্টি অপারেটর | The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |
| (৯) | ইলেকট্রিশিয়ান কাম পাম্প ড্রাইভার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ইলেকট্রিক্যাল বিষয়ের উপর ট্রেড সার্টিফিকেট; এবং<br>(গ) পাম্প অপারেটর কাজের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| (১০) | ল্যাবরেটরী এটেনডেন্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| (১১) | লাইব্রেরী এটেনডেন্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (১২) | এনিমেল এটেনডেন্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) অস্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) পেশাগত কাজের অভিজ্ঞতা। |
| (১৩) | গার্ডেনার | অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আউট সোর্সিং নীতিমালা অনুযায়ী। | | |
| (১৪) | ড্রেসার | অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আউট সোর্সিং নীতিমালা অনুযায়ী। | | |
| (১৫) | অফিস সহায়ক | অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আউট সোর্সিং নীতিমালা অনুযায়ী। | | |
| (১৬) | নিরাপত্তা প্রহরী | অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আউট সোর্সিং নীতিমালা অনুযায়ী। | | |
| (১৭) | বাবুর্চি | অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আউট সোর্সিং নীতিমালা অনুযায়ী। | | |
| (১৮) | হোস্টেল এটেনডেন্ট (বালক) | অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আউট সোর্সিং নীতিমালা অনুযায়ী। | | |
| (১৯) | হোস্টেল এটেনডেন্ট (বালিকা) | অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আউট সোর্সিং নীতিমালা অনুযায়ী। | | |
| (২০) | পরিচ্ছন্নতা কর্মী | অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আউট সোর্সিং নীতিমালা অনুযায়ী। | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জগদীশ চন্দ্র বিশ্বাস**
উপ সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd